

৪৭

কুমিল্লার এসএসসি'র

ইংরেজি ২য় পত্রের প্রশ্নপত্র

ফাঁসের ঘটনা তদন্তে কমিটি

কুমিল্লা বোর্ডের এসএসসি পরীক্ষার ইংরেজি দ্বিতীয় পত্রের প্রশ্নপত্র ফাঁসের ঘটনা তদন্তে বোর্ড কর্তৃপক্ষ ৭ সদস্যের একটি কমিটি গঠন করেছে। কমিটির রিপোর্টের ভিত্তিতে কর্তৃপক্ষ ওই পরীক্ষার বিষয়ে সিদ্ধান্ত নেবেন বলে বোর্ডের চেয়ারম্যান প্রফেসর আব্দুল মজিদ জানিয়েছেন। অবশ্য তদন্তের স্বার্থে তিনি কমিটির সদস্যদের নাম প্রকাশ করেননি।

এদিকে কুমিল্লা বোর্ডের সাধারণ গণিতের হাতে লেখা প্রশ্নপত্রের ফটো কপি গত পরশ থেকে জেলার বিভিন্ন স্থানে প্রকাশ্যে বিক্রি হতে দেখা যাচ্ছে। এ বিষয়ে বোর্ডের চেয়ারম্যান বলেন, এবারের পরীক্ষায় শুধু দু'টি সেট ক ও খ ব্যবহার করা হবে। কিন্তু বাজারে ক, খ, গ ও ঘ এই চার সেটের ভূয়া প্রশ্নপত্র পাওয়া যাচ্ছে। এ বিষয়ে সবাইকে সতর্ক থাকার জন্যে তিনি আহ্বান জানিয়েছেন। এক প্রশ্নের উত্তরে তিনি জানান, পূর্ব ঘোষিত রুটিন অনুযায়ী পরীক্ষা চলবে। কুমিল্লা থেকে খায়রুল আহসান মানিক।